

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৩৫. কারোর নিকট মেহমান হলে তার অনুমতি ছাড়াই তার সম্মানজনক সুনির্দিষ্ট কোন বসার জায়গায় বসা

আবু মাস্'ঊদ্ বদরী (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

وَلاَ تَوُّمَّنَّ الرَّجُلَ فِي أَهْلِهِ وَلاَ فِي سُلْطَانِهِ ، وَلاَ تَجْلِسْ عَلَى تَكْرِمَتِهِ فِيْ بَيْتِهِ إِلاَّ بإِذْنِهِ

"তুমি কারোর ঘরে কিংবা তার অধীনস্থ জায়গায় তার অনুমতি ছাড়া কোন নামাযের ইমামতি করবে না। তেমনিভাবে তুমি কারোর ঘরে তার সম্মানজনক সুনির্দিষ্ট বসার জায়গায় তার অনুমতি ছাড়া বসবে না"।[1]

>

ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ৬৭৩ আবু দাউদ, হাদীস ৫৮২)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11385

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন